

বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়
কার্য নির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এর
সভা

তারিখ: ০৪ নভেম্বর ২০২২, শুক্রবার।

সময়: বিকেল ০৪.০০টা

স্থান: ১৪৯নম্বর কক্ষ, শহীদুল্লাহ কলাভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

আজ ০৪ নভেম্বর ২০২২, শুক্রবার বিকেল ০৪.০০টায় শহীদুল্লাহ কলাভবনের ১৪৯নম্বর কক্ষে বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এর এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অ্যালামনাইয়ের সম্মানিত সভাপতি প্রফেসর ড. পি. এম. সফিকুল ইসলাম।

সভার আলোচ্যসূচি:

১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২. চতুর্থ সম্মিলনী উদ্যাপন নিয়ে কর্ম নির্ধারণ।
৩. উপকমিটি কর্তৃক উপস্থাপিত বাজেট পর্যালোচনা।
৪. বিবিধ।

সভার উপস্থিতি স্বাক্ষর:

কপি সংযুক্ত

সভার সিদ্ধান্তসমূহ:

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ গৃহিত হলো।
২. চতুর্থ সম্মিলনীর তারিখ পুনঃনির্ধারণ করা হলো আগামী ২৯ ও ৩০শে ডিসেম্বর ২০২২ খ্রি.।
৩. শোক প্রস্তাবে নতুন নাম যোগ করতে হবে। শোক প্রস্তাবটি সংরক্ষিত থাকবে। সর্বপ্রথম শোক প্রস্তাব উপস্থাপিত হবে।
৪. সম্মিলন উদ্যাপনের জন্য বিভিন্ন উপকমিটি গঠন করা হলো।
৫. সম্মিলন উদ্যাপনের জন্য প্রত্যেক সদস্যের ১৭০০টাকা এবং সদস্যের সঙ্গে আসা প্রত্যেক অতিথি (স্বামী/স্ত্রী)র জন্য ১৭০০ টাকা চাঁদা নির্ধারণ করা হলো। শিশুদের জন্য চাঁদা নির্ধারিত হলো ৮০০ টাকা। টাকা বিকাশে পাঠানো যাবে। বিকাশ করতে হবে অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক, ট্রেজারার ও প্রচার সম্পাদকের কাছে।
৬. সম্মিলনে অংশগ্রহণের জন্য নিবন্ধনের শেষ তারিখ নির্ধারণ করা হলো আগামী ৫ই ডিসেম্বর ২০২২ খ্রি.।
৭. অ্যালামনাইয়ের সকল অনুষ্ঠান ডকুমেন্টেশনের ব্যবস্থা করতে হবে। এর জন্য ডকুমেন্টেশন উপকমিটি নামে একটি নতুন উপকমিটি গঠন করতে হবে। এই উপকমিটির আহ্বায়ক হবেন সাঈদ কাজল।
৮. অ্যালামনাই সংক্রান্ত যে কোন ধরনের ডিজিটাল প্ল্যাটফর্ম করতে হলে অবশ্যই মূল কমিটির অনুমোদন নিতে হবে।
৯. কুঞ্জবুটিকের সাথে আরো অন্য প্রতিষ্ঠানের শাড়ি/পাঞ্জাবী তুলনার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।
১১. বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।